গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৪২/২০১৯-২০২০

ঢাকা ১২ জানুয়ারি রোববার ২০২০, ২৮ পৌষ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে সর্বাত্মক প্রচার চালাতে হবে : রাষ্ট্রপতি
২। তিন দিনের সরকারি সফরে আজ আবুধাবি যাচ্ছেন প্রধানমন্ত্রী
৩। ১০ টাকার টিকিটে ডাক্তার দেখালেন প্রধানমন্ত্রী
৪। ওমানের সুলতানের ইন্তেকালে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
৫। সরকার শীতার্ত মানুষের পাশে রয়েছে : সেতুমন্ত্রী
৬। মাছ, মাংস, দুধ, ডিমসহ নানা ধরনের পুষ্টিকর সবজি ও ফল উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ : কৃষিমন্ত্রী
৭। নিজেদের বেঁচে থাকার স্বার্থে পরিবেশ রক্ষা করতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৮। ২০৪১ সালের মধ্যে বিশ্বের শীর্ষ বিশ দেশের একটি হবে বাংলাদেশ : হাতিরঝিলে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষের প্রারম্ভিক উদ্‌যাপন অনুষ্ঠানে অর্থমন্ত্রী
৯। শুধু অর্থনৈতিক নয়, সাংস্কৃতিক অর্জনও দরকার : মুন্সীগঞ্জে পররাষ্ট্রমন্ত্রী
১০। মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ ও ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রটি বাংলাদেশসহ সারা বিশ্বের বিভিন্ন স্থানে প্রদর্শিত হবে : পররাষ্ট্রমন্ত্রী
১১। মেয়েদের দেওয়া হবে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন : স্বাস্থ্যমন্ত্রী
১২। রাতকানা রোগ এখন ১ শতাংশেরও নিচে : স্বাস্থ্যমন্ত্রী
১৩। ঢাকা-চট্টগ্রাম দ্রুত গতির ট্রেনের কাজ শীঘ্রই শুরু হবে : রেলমন্ত্রী
১৪। পোশাক ক্রয়ের জন্য শিক্ষার্থীদের দুই হাজার টাকা করে দেয়া হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৫। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে বাংলাদেশ যুদ্ধাপরাধ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান
১৬। বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ

১। **পরীক্ষায় অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে সর্বাত্মক প্রচার চালাতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন করাকে লজ্জাজনক বিষয় হিসেবে উল্লেখ করে এর বিরুদ্ধে সর্বাত্মক প্রচার চালানোর আহ্বান জানিয়েছেন। গতকাল (১১ জানুয়ারি শনিবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসেবে ভাষণ প্রদানকালে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, সব পর্যায়ে পরীক্ষায় অসাধু উপায়ের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তুলতে হবে। তিনি এ অভিশাপ প্রতিরোধ করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে বিশেষকরে শিক্ষক, অভিভাবক এবং শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি আরো বলেন, পরীক্ষায় এ ধরনের অসদুপায় অবলম্বনের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩)।

২। **তিন দিনের সরকারি সফরে আজ আবুধাবি যাচ্ছেন প্রধানমন্ত্রী**

তিনদিনের সরকারি সফরে আজ (১২ জানুয়ারি রোববার) সংযুক্ত আরব আমিরাত যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সফরকালে তিনি 'আবুধাবি সাসটেইনাবিলিটি সপ্তাহে' যোগ দিবেন। আজ বিকেল ৫ টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের 'বিজি ০২৭' ভিভিআইপি ফ্লাইটে আবুধাবির উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছাড়বেন প্রধানমন্ত্রী। আজ স্থানীয় সময় রাত ৮টা ৫৫ মিনিটে আবুধাবি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা প্রধানমন্ত্রীর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১),**ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **১০ টাকার টিকিটে ডাক্তার দেখালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও ১০ টাকার টিকিট কেটে রাজধানীর জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে চোখের চিকিৎসা নিয়েছেন। গতকাল (১১ জানুয়ারি শনিবার) সকালে সেখানে তিনি নিয়মিত চোখ পরীক্ষা করান। হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. গোলাম মোস্তাফা এ তথ্য জানান। এর আগেও একই হাসপাতালে ১০ টাকার টিকিট কেটে চোখের চিকিৎসা নিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

৪। **ওমানের সুলতানের ইন্তেকালে প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওমানের সুলতান কাবুস বিন সাঈদ আল সাঈদের ইন্তেকালে গভীর শোক প্রকাশ করেছেন। গতকাল (১১ জানুয়ারি শনিবার) এক শোকবার্তায় প্রধানমন্ত্রী সুলতানের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। সুলতান (১০ জানুয়ারি শুক্রবার) ৭৯ বছর বয়সে মারা যান। তিনি আরব বিশ্বের সবচেয়ে দীর্ঘকালীন শাসক ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬)।

৫। **সরকার শীতার্ত মানুষের পাশে রয়েছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকার শীতার্ত মানুষের পাশে রয়েছে। উত্তরের ৫০ হাজার মানুষকে শীতে কম্বল দেওয়া হচ্ছে। দেশে একজন মানুষও যেন শীতে কষ্ট না পায়, সে জন্য প্রয়োজনে আরও কম্বল পাঠানো হবে। মন্ত্রী আরো বলেন, উত্তরাঞ্চলের মানুষকে প্রধানমন্ত্রী খুব ভালোবাসেন। এখানকার নারীরা অনেক কর্মঠ। এজন্য এখান থেকে দু'জন নারীকে কেন্দ্রীয় কমিটিতে স্থান দিয়েছেন তিনি। গতকাল (১১ জানুয়ারি শনিবার) নীলফামারীর সৈয়দপুরে ফাইভ স্টার মাঠে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

৬। **মাছ, মাংস, দুধ, ডিমসহ নানা ধরনের পুষ্টিকর সবজি ও ফল উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, একসময় জীবনধারণের ন্যূনতম চাহিদা মেটাতে হাহাকার করত মানুষ। সেখানে আজ দেশ মাছ, মাংস, দুধ, ডিমসহ নানা ধরনের পুষ্টিকর সবজি ও ফল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। কৃষি এখন সম্মানজনক ও ভদ্র মানুষের পেশায় পরিণত হয়েছে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) রাজধানীর কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে বাংলাদেশ একাডেমি অভ্ এগ্রিকালচার আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

৭। **নিজেদের বেঁচে থাকার স্বার্থে পরিবেশ রক্ষা করতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

পরিবেশ রক্ষায় জোর দেয়ার আহ্বান জানিয়ে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ডাইনোসরের মতো অনেক প্রাণের বিলুপ্তি ঘটেছে। পরিবেশ ও প্রকৃতির বিপর্যয়ের ফলে মানুষেরও বিলুপ্তি ঘটবে। এ কারণে নিজেদের বেঁচে থাকার স্বার্থে পরিবেশ-প্রকৃতি রক্ষা করতে হবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭)।

৮। **২০৪১ সালের মধ্যে বিশ্বের শীর্ষ বিশ দেশের একটি হবে বাংলাদেশ :**
**হাতিরঝিলে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষের প্রারম্ভিক উদ্‌যাপন অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে বিশ্বের শীর্ষ বিশ রাষ্ট্রের একটি। গতকাল (১১ জানুয়ারি শনিবার) রাজধানীর হাতিরঝিলের অ্যাম্পিথিয়েটারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের আগাম উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এছাড়া, বঙ্গবন্ধু প্রসঙ্গে তিনি বলেন, জাতির পিতা এক ক্ষণজন্মা মানুষ। এমন মানুষ সব সময় আসেন না। তিনি আমাদের উপহার দিয়েছেন লাল-সবুজের পতাকা। দিয়েছেন আত্মপরিচয়ের ঠিকানা, স্বাধীন বাংলাদেশ। যুদ্ধবিধ্বস্ত একটি দেশকে এগিয়ে দিয়েছেন সঠিক পথে। 'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানটির আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)। এদিন ঢাকার পাশাপাশি শোভাযাত্রা, আলোচনাসহ নানা আয়োজনে সারা দেশের ৪৯১ উপজেলায় বঙ্গবন্ধুর জন্মশতবর্ষের প্রারম্ভিক উদ্‌যাপন হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৯। **শুধু অর্থনৈতিক নয়, সাংস্কৃতিক অর্জনও দরকার : মুন্সীগঞ্জে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বাংলাদেশের দারিদ্র্যসীমা গত দশ বছরে ৪২ থেকে ২০ শতাংশে নেমে এসেছে। এখন আমাদের সব ভালো অর্জন নিয়ে এগিয়ে যেতে হবে। শুধু অর্থনৈতিক নয়, সাংস্কৃতিক অর্জনও থাকতে হবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) মুন্সীগঞ্জের লৌহজং সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে অগ্রসর বিক্রমপুর ফাউন্ডেশনের কেন্দ্রীয় পরিষদের দ্বিতীয় সম্মিলন ও জ্ঞানালোক পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

১০। **মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ ও ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রটি**
**বাংলাদেশসহ সারা বিশ্বের বিভিন্ন স্থানে প্রদর্শিত হবে : পররাষ্ট্রমন্ত্রী**

রেইনবো চলচ্চিত্র সংসদের আয়োজনে শুরু হল 'অষ্টাদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২০'। ৯ দিনের এ উৎসবে বাংলাদেশসহ ৭৪টি দেশের ২২০টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) বিকেলে জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এ উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, বহির্বিশ্বের চলচ্চিত্রের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের চলচ্চিত্রও ক্রমান্বয়ে উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন, মুজিববর্ষ উপলক্ষে নতুন নতুন চলচ্চিত্র তৈরি হচ্ছে। ১৭ মার্চ বাংলাদেশ ও ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত একটি চলচ্চিত্র মুক্তি পাবে। আর সেই ছবিটি বাংলাদেশসহ সারা বিশ্বের বিভিন্ন স্থানে প্রদর্শিত হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৬), সংবাদ (শেষ পৃ,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.৫,ক.১)।

১১। **মেয়েদের দেওয়া হবে বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন : স্বাস্থ্যমন্ত্রী**

১৮ বছরের কম বয়সের অবিবাহিত অসচ্ছল মেয়েদের সরকার বিনামূল্যে স্যানিটারি ন্যাপকিন দেবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, নিরাপদ স্যানিটেশনের বিষয়টি সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করছে এবং নতুন করে যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপিত হবে সেগুলোতে প্রয়োজনীয় সংখ্যক টয়লেটের ব্যবস্থা থাকবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) এফডিসিতে 'যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার' বিষয়ক এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১৮,ক.১)।

১২। **রাতকানা রোগ এখন ১ শতাংশেরও নিচে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন,সরকারের যথাসময়ে সঠিক কর্মপরিকল্পনা গ্রহণ করার ফলেই দেশে পোলিও নির্মূল হয়েছে। অন্যদিকে রাতকানা রোগও নেমে এসেছে ১ শতাংশেরও নিচে। সরকারের দূরদর্শিতায় আজ দেশে রাতকানা রোগ আর নেই বললেই চলে। এ সাফল্য ধরে রাখতে টিকাদান কর্মসূচিকে সফল করতে হবে। রাজধানীর শিশু হাসপাতালে গতকাল ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে টিকাদান কর্মসূচি উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

১৩। **ঢাকা-চট্টগ্রাম দ্রুত গতির ট্রেনের কাজ শীঘ্রই শুরু হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, ঢাকা-চট্টগ্রাম রুটে দ্রুতগতির ট্রেনের জন্য গঠিত কমিটি ছয় মাসের মধ্যে প্রতিবেদন জমা দেবে। এরপর শীঘ্রই পুরোদমে কাজ শুরু করা হবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) রেলওয়ে অফিসার্স ক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১৪। পোশাক ক্রয়ের জন্য শিক্ষার্থীদের দুই হাজার টাকা করে দেয়া হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, চলতি বছর থেকে বইয়ের পাশাপাশি নতুন পোশাক কেনার জন্য শিক্ষার্থীদের দুই হাজার করে টাকা দেয়া হবে। গতকাল (১১ জানুয়ারি শনিবার) ৩ কোটি ১৭ লাখ টাকা ব্যয়ে প্রশস্তকরণ করা জেলা সদরের আমঝুপি-গাড়াডোব সড়ক উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

**১৫। জাতিসংঘ নিরাপত্তা পরিষদে বাংলাদেশ**
**যুদ্ধাপরাধ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান**

মানবতার বিরুদ্ধে অপরাধ, গণহত্যা ও যুদ্ধাপরাধ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় অনুযায়ী গত ১০ জানুয়ারি শুক্রবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদে 'আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষার্থে জাতিসংঘ সনদকে সমুন্নত রাখা' শীর্ষক এক উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেয়ার সময় তিনি এ আহ্বান জানান। নিউইয়র্কে জাতিসংঘের স্থায়ী মিশন থেকে গতকাল (১১ জানুয়ারি শনিবার) পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**১৬। বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ**

গতকাল (১১ জানুয়ারি শনিবার) বিশ্ব ইজতেমার দ্বিতীয় দিন অতিবাহিত হয়েছে। আজ (১২ জানুয়ারি রোববার) পূর্বাহ্নে অর্থাৎ বেলা ১১টা থেকে ১২টার মধ্যে যেকোনো এক সময় আখেরি মোনাজাতের মধ্যদিয়ে এবারের বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শেষ হবে। কাকরাইল জামে মসজিদের পেশ ইমাম ও খতিব হাজেফ মাওলানা জুবায়ের আহমেদ মোনাজাত পরিচালনা করবেন বলে জানায় ইজতেমা আয়োজক কমিটি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের হিসাব অনুযায়ী পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৪ হাজার ৫৫৬ জন শিক্ষকের মধ্যে ২ হাজার ১৪৪ জন শিক্ষাছুটিতে রয়েছেন উল্লেখ করে এতে শিক্ষাদানে ব্যাঘাত ঘটায় এ ব্যাপারে স্পষ্ট নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** শব্দদূষণের কারণে রাজধানীতে জনজীবন ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে জনসচেতনতা সৃষ্টির পাশাপাশি মনুষ্যসৃষ্ট এ সমস্যা নিরসনে কঠোর অবস্থান নেওয়ার সুপারিশ।

গ. **বণিক বার্তা :** নিম্নমানের কাজ ও উপকরণ ব্যবহারের কারণে এলজিইডির ৫৩ শতাংশ সড়কই খারাপ, ব্যবহারের অনুপযুক্ত উল্লেখ করে এ ধরনের অনিয়ম-দুর্নীতি বন্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

ঘ. **যায়যায়দিন :** প্রতিবেশী দেশ ভারতে রপ্তানি হচ্ছে বাংলাদেশের তৈরি আরও দুইটি বড় কার্গো জাহাজ উল্লেখ করে জাহাজ রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশের এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যুগান্তর :** কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরীক্ষা ছাড়াই পাস করিয়ে দেয়া, সরকারি নিয়মে ব্যাংকে টাকা জমা না দিয়ে রেজিস্ট্রেশন ও অ্যাডমিট কার্ডের ডুপ্লিকেট তোলাসহ নানা অনিয়ম-দুর্নীতি জেঁকে বসেছে উল্লেখ করে এর সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি সান :** খাদ্যে ভেজাল রোধে সচেতনতার আহ্বান।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নিরাপদ হোক নারীর পথচলা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নারীর প্রতি সহিংসতা রোধে প্রতিটি স্তরের জনগণকে এগিয়ে আসতে হবে।

#

মরজিনা/সেলিনা/সাঈদা/খোরশেদ/মাসুম/২০২০/৯.০০ঘন্টা